

নির্দেশ বিজ্ঞপ্তি নং : ৯১০/১৯

তারিখ : ১৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ

২৮ কার্তিক, ১৪২৬ বাঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/ সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : ব্যাংক কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিদ্যমান চার্জ/কমিশন আংশিক পরিবর্তন প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর নির্দেশনা নিম্নরূপ :

উদ্ধৃতঃ

শিরোনামোক্ত বিষয়ে ডিসেম্বর ২২, ২০০৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৯ এবং মে ১৩, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-১৯/২০০৯ এর ০২(১) নং অনুচ্ছেদে শুধুমাত্র হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) বাবদ প্রতি ষাণ্মাসিকে সঞ্চয়ী হিসাবে ৩০০/-টাকা এবং চলতি হিসাবে ৫০০/-টাকার অধিক আদায় করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল। পরবর্তীতে, বিআরপিডি সার্কুলার নং-১৯/২০১০ এর মাধ্যমে সঞ্চয়ী হিসাবের ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে কোন Account Maintenance Fee আদায় করা যাবে না এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee প্রতি ষাণ্মাসিকে সর্বোচ্চ ১০০/-টাকা নির্ধারণ করা যাবে মর্মে নির্দেশনা দেয়া হয়েছিল।

০৩। এক্ষেপে, ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে :

ক) সঞ্চয়ী হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee আদায় করা যাবে না ;

খ) সঞ্চয়ী হিসাবে প্রতি ষাণ্মাসিকে নিম্নবর্ণিত হারে - Account Maintenance Fee আদায় করা যাবে :-

- ১০,০০০/-টাকার অধিক কিন্তু ২৫,০০০/-টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ১০০/-টাকা ;
- ২৫,০০০/-টাকার অধিক কিন্তু ২.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ২০০/-টাকা ;
- ২.০০ লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ২৫০/-টাকা ;
- ১০.০০ লক্ষ টাকার অধিক গড় আমানত স্থিতির ক্ষেত্রে সর্বোচ্চ ৩০০/-টাকা ; এবং

গ) চলতি হিসাবে Account Maintenance Fee বাবদ প্রতি ষাণ্মাসিকে সর্বোচ্চ ৩০০/-টাকা আদায় করা যাবে।

০৪। বর্ণিত নির্দেশনা ব্যতীত ডিসেম্বর ২২, ২০০৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।


অনুদ্বৃত্তঃ

উল্লেখ্য যে, ইতোপূর্বে জারীকৃত অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ৬৭৯/১৬ তারিখ ০৫/০৫/২০১৬ এর মাধ্যমে চলতি ও সঞ্চয়ী হিসাবে Account Maintenance Fee আদায়ের যে নির্দেশনা দেয়া হয়েছিল বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনায় এর আংশিক পরিবর্তন হ'ল।

বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হ'ল।

আপনার বিশ্বস্ত


মোঃ আবদুর রউফ
উপ-মহাব্যবস্থাপক


শেখ মকবুল আহমেদ
মহাব্যবস্থাপক

